# Times Today BD

আশিকুর রহমান শান্ত | দেশজুড়ে | 28 June, 2025

বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) ভোলা সদর উপজেলার উত্তর দিঘলদী ইউনিয়নের ৮নং ও ৯নং ওয়ার্ড সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে।শুক্রবার (২৭ জুন) বিকেল ৪ টায় ৮নং ওয়ার্ড ও সন্ধা ৭ টায় ৯নং ওয়ার্ড কমিটি গঠন উপলক্ষে বেরির হাট বাজার প্রাঙ্গণে ও জয়গুপি সরকারি প্রাথমিক বিদ্যালয় এর হল রুমে আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উত্তর দিঘলদী ইউনিয়নের সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক মোশারফ হোসেন হিরন এর সভাপতিত্বে ও সদর উপজেলা বিজেপি'র যুগ্ম সাধারণ সম্পাদক  আবুল বাছেত বাচ্চু হাওলাদার এর সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) ভোলা সদর উপজেলার ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর নুরনবী, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জাতীয় পার্টি (বিজেপি) ভোলা সদর উপজেলার সাধারণ সম্পাদক আবুল বশার বুলবুল, সাংগঠনিক সম্পাদক আইনুর রহমান জুয়েল মিয়া, অনুপম দত্ত, দপ্তর সম্পাদক  সালাউদ্দিন আমিন, সাবেক ছাত্র নেতা মোঃ মামুন মুন্সি প্রমুখ।

নবগঠিত ৮নং ওয়ার্ড কমিটির সভাপতি দেলোয়ার হোসেন ও সাধারণ সম্পাদক আলী আশরাফ এবং মোতালেব চৌকিদার কে সাংগঠনিক সম্পাদক করে ১০১ সদস্যসের কমিটি গঠন করা হয়।অপর দিকে ৮নং ওয়ার্ড কমিটিতে সভাপতি হিসেবে আনসার মাতাব্বর ও ডাক্তার কামাল কে সাধারণ সম্পাদক এবং মোঃ হানিফ কে সাংগঠনিক সম্পাদক করে ১০১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

অনুষ্ঠানে বক্তরা নবগঠিত কমিটিকে ধন্যবাদ জানিয়ে সবাইকে একতাবধ্য হয়ে বিজেপির চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিভ রহমান পার্থর হাত কে শক্তিশালী করার আহ্বান জানান।এসময় উওর দিঘলী ইউনিয়নের নবগঠিত ৮ নং ও ৯ নং ওয়ার্ড বিজেপির নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:37

URL: https://www.timestodaybd.com/across-the-country/3872775807